

পঞ্চগড়ে নারীদের জন্য আইসিটি প্রশিক্ষণ

সরকারের 'লার্নিং অ্যান্ড আর্নিং' উন্নয়ন প্রকল্পের আওতায় পঞ্চগড়ে নারীদের জন্য তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) প্রশিক্ষণ শুরু হয়েছে। ১৫ দিনের এই প্রশিক্ষণে তথ্যপ্রযুক্তির প্রাথমিক বিষয় শেখানো হবে। পঞ্চগড় সদর উপজেলার পঞ্চগড় ইউনিয়ন ও ধাক্লামারা ইউনিয়নের ৪০ জন নারীকে প্রথম ও দ্বিতীয় ধাপে প্রশিক্ষণ দেওয়া হবে।

পঞ্চগড় প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটে (পিটিআই) মঙ্গলবার সকালে জেলা প্রশাসক মোহাম্মদ সালাহউদ্দিন এর উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী অফিসার লায়লা মুন্সাজেরী দীনা, পিটিআইয়ের তত্ত্বাবধায়ক মো. ওমর আলী, পঞ্চগড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. জাহিদুল হকসহ অনেকে।

আইসিটি বিভাগের সহযোগিতায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট ও আইবিসিএস-প্রাইমের সফটওয়্যার যৌথভাবে এই প্রশিক্ষণের আয়োজন করেছে। প্রশিক্ষণ পরিচালনা করছেন পিটিআইয়ের কম্পিউটার বিজ্ঞানের প্রশিক্ষক স্বপন কুমার দেব শর্মা ও পলাশ কুমার ঘোষ। ● পঞ্চগড় প্রতিনিধি